

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৩৩  
আগরতলা, ০২ মার্চ, ২০২৪

আগরতলা শহরের ট্রাফিক ব্যবস্থা নিয়ে বিধিনিষেধ জারি

আগরতলা শহরের ট্রাফিক ব্যবস্থা নিয়ে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে কিছু বিধিনিষেধ জারি করেছেন। গত ১২ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বৈঠকের পরিপ্রেক্ষিতে জনগণের নিরাপত্তায় এসমস্ত বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই বিজ্ঞপ্তি অনুসারে ১) সমস্ত বাণিজ্যিক যানবাহনের বটতলা এলাকায় পার্কিং-এ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। তারা একমাত্র নাগেরজলা মোটরস্ট্যান্ডের ভিতরেই গাড়ি পার্ক করতে পারবেন, যাত্রী তুলতে এবং নামাতে পারবেন। ২) বটতলা, টিআরটিসি কমপ্লেক্স, ফ্লাইওভার-এর নীচে এবং হাওড়া নদীর দক্ষিণ অংশে পূর নিগমের প্রি-পেইড পার্কিংগুলি বাণিজ্যিক যানবাহনের জন্য বন্ধ থাকবে। ভিড় কমানোর জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৩) দক্ষিণ অঞ্চল থেকে নাগেরজলার দিকে আসা যাত্রীবাহী যানবাহনগুলি চৌধুরী মিল (বড়দোয়ালি ফিলিং স্টেশন এর কাছে)-এর সামনে থেকে তাদের যাত্রী তুলবে এবং নামাবে। ৪) আমতলি, কাঁঠালতলি, অশ্বিনী মার্কেট, ক্যাম্পের বাজার এবং এডিনগরমুখী অটোরিস্কাণ্ডলি ফ্লাইওভার-এর নীচে ৩৬নং পিলার থেকে একের পর এক লাইনে দাঁড়িয়ে যাত্রী তুলতে পারবে। লাইন নিয়ন্ত্রণ করার জন্য ভলান্টিয়ার থাকবে। ৫) নাগেরজলা মোটর স্ট্যান্ডের সামনের দিকে সমস্ত অটোরিস্কা, ই-অটো, ই-রিস্কা এবং পেডেল রিস্কা পার্ক করা থাকবে। ৬) সমস্ত হালকা মাপের যাত্রীবাহী যানগুলি নাগেরজলা মোটর স্ট্যান্ডের দক্ষিণ অংশ থেকে যাত্রী তুলবে। ৭) নাগেরজলা মোটর স্ট্যান্ডের দক্ষিণ অংশের পার্কিং থেকে সমস্ত বাসগুলি তাদের যাত্রী তুলবে। ৮) বাকি সমস্ত রাত্রি যাপনকারী বাস, মেরামত ও অন্যান্য কারণে থাকা যানগুলি নাগেরজলা মোটর স্ট্যান্ডের উত্তর-পশ্চিম অংশে থাকবে। ৯) বড়জলা, দুর্গা চৌমুহনী, গোলচক্রগামী অটোরিস্কা, ই-অটো, ই-রিস্কাগুলি ফায়ার সার্ভিস এ কে রোড-পুলিশ হেড কোয়ার্টার রোড থেকে তাদের যাত্রী তুলবে। ১০) বটতলা-নাগেরজলা রোডের উভয় দিক 'নো পার্কিং জোন' হিসেবে ঘোষণা করা হয়েছে। এই বিজ্ঞপ্তি আগামীকাল থেকে কার্যকর হবে।

\*\*\*\*\*